

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

স্মারক ৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ০১৬. ২০১৬- ৪৪৬

তারিখঃ ২২-০২-২০১৭ খ্রিঃ

বিষয়ঃ কল্পবাজার পৌরসভা, কল্পবাজার কার্যালয়ের ১৯৮৭-৮৮, ১৯৯৮-৯৯ ও ২০০০-২০০১ আর্থিক সনের হিসাব নিরীক্ষা প্রতিবেদনের ত্রুটী জবাবের উপর
অডিট অধিদপ্তরের মন্তব্য।

সূত্রঃ স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের স্মারক নং- ১৭৩৭/এলএজি-৩/নিঃপ্রঃ/২০০০-২০০১/১৫ তাং- ১৩-০২-২০১৭খ্রিঃ।


কল্পবাজার পৌরসভা কর্তৃক পরিচালিত পৌর প্রিপারেটরী উচ্চ বিদ্যালয়ের অবসর প্রাপ্ত প্রধান শিক্ষক জনাব মোহাম্মদ নূরুল কবীর পৌর প্রিপারেটরী উচ্চ বিদ্যালয়ে বাসভবনে বসবাস করা সত্ত্বেও বাড়ী ভাড়া বাবদ ২,০১,৫২৪/৭৮ টাকা কর্তন/আদায় না করায় ১৯৯৮-৯৯ সনের হিসাব নিরীক্ষায় আপত্তি উত্থাপন করা হয়। ২০০০-২০০১ সালের হিসাব নিরীক্ষাকালে উক্ত উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষককে অনিয়মিতভাবে টাইম স্কেল প্রদানের মাধ্যমে বেতন ভাতাদি বাবদ ১,৭৩,২৮৪/৯২ টাকা অতিরিক্ত প্রদানের বিষয়ে আপত্তি উত্থাপন করা হয়।

০২। উল্লেখ্য, কল্পবাজার পৌরসভা কর্তৃক পরিচালিত পৌর প্রিপারেটরী উচ্চ বিদ্যালয়ের অবসর প্রাপ্ত প্রধান শিক্ষক জনাব মোহাম্মদ নূরুল কবীর প্রাপ্ত পেনশন পরিশোধ করণ সংক্রান্ত বিষয়ে ৪৪৯/২০১৫ রীট আবেদনটি দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগের একটি বেঞ্চ উক্ত পিটিশন ২৫-০৭-২০১৬ তারিখে শুনানী অন্তে রায় প্রাপ্তির ০১ (এক) মাসের মধ্যে অডিট আপত্তি নিষ্পত্তি করার নির্দেশ প্রদান করেন। উক্ত নির্দেশ বাস্তবায়ন না করায় মামলার বাদী কর্তৃক কনট্যেম্পট পিটিশন নং-৪৩৪/২০১৬ দায়ের করা হয়। বর্ণিত কনট্যেম্পট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ ০৬-১২-২০১৬ তারিখের আদেশে কেন আদালত অবমাননার কার্যক্রম গ্রহণ করা হবে না, তার কারণ দর্শানোর নির্দেশ প্রদান করেন।

০৩। স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের স্মারক নং- ১৭৩৭/এলএজি-৩/নিঃপ্রঃ/২০০০-২০০১/১৫ তাং- ১৩-০২-২০১৭খ্রিঃ তারিখের পত্রে কল্পবাজার পৌরসভা, কল্পবাজার কার্যালয়ের ১৯৮৭-৮৮, ১৯৯৮-৯৯ ও ২০০০-২০০১ আর্থিক সনের হিসাব নিরীক্ষা প্রতিবেদনের ত্রুটী জবাবের উপর অডিট অধিদপ্তরের মন্তব্য এ বিভাগে প্রেরণ করা হয়েছে। অডিট অধিদপ্তরের মন্তব্য অনুযায়ী দেখা যায় যে, কল্পবাজার পৌরসভা, কল্পবাজার কার্যালয়ের ১৯৮৭-৮৮, ১৯৯৮-৯৯ ও ২০০০-২০০১ আর্থিক সনের হিসাব নিরীক্ষার আপত্তিকৃত টাকা আদায়ের প্রমাণকনহ প্রেরণ করায় এবং মন্ত্রণালয়ের সুপারিশের প্রেক্ষিতে আপত্তি নিষ্পত্তি হিসেবে গণ্য করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, কল্পবাজার পৌরসভা কর্তৃক পরিচালিত পৌর প্রিপারেটরী উচ্চ বিদ্যালয়ের অবসর প্রাপ্ত প্রধান শিক্ষক জনাব মোহাম্মদ নূরুল কবীর কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৪৪৯/২০১৫ মামলায় প্রদত্ত ২৫-০৭-২০১৬ খ্রিঃ তারিখের আদেশ হতে উদ্ভূত কনট্যেম্পট পিটিশন নং-৪৩৪/২০১৬ মামলার বিষয়ে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের নিষ্পত্তি হিসেবে গণ্য কৃত পত্রটি আদালতকে অবহিতকরণসহ যাবতীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০১ (এক) ফর্দ।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
☎ ৯৫৪০৯৯৫

জনাব এডঃ এস.কে শফিক মাহমুদ পুষ্প
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৬। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।